২৮

দৈনিক ইনকিলাব

তারিখ ... 24 .MAR 1994 ...
পৃষ্ঠা ১২ কলাম ৩ ......

# নিরক্ষরতা দূর করতে আরো প্রাথমিক বিদ্যালয় প্রতিষ্ঠা করা হবে

## —শিক্ষামন্ত্রী

বর্তমান সরকার দু'হাজার সালের মধ্যে দেশ থেকে নিরক্ষরতা দূর করার জন্যে আরো প্রাথমিক বিদ্যালয় প্রতিষ্ঠার পদক্ষেপ নিচ্ছে। শিক্ষামন্ত্রী জমির উদ্দিন সরকার গতকাল ঢাকায় বাংলাদেশ শিল্পকলা একাডেমী মিলনায়তনে উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের প্রথম বহিরাগমন অনুষ্ঠানে বক্তৃতাকালে একথা বলেন।

উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর ডঃ শমসের আলি, শিল্পকলা একাডেমীর মহাপরিচালক মোবারক হোসেন খান এবং সংস্কৃতি বিষয়ক প্রতিমন্ত্রী অধ্যাপিকা জাহানারা বেগমও অনুষ্ঠানে বক্তৃতা করেন। শিক্ষামন্ত্রী বলেন, সারা দেশে শিক্ষা বিস্তারে উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে।

শেষে একটি সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। খবর বিটিভি'র।